মুজিবনগরে শ্বাস রোধ করে বৃদ্ধাকে হত্যা !

মেহেরপুরের মুজিবনগর উপজেলার একটি মাঠ থেকে সফেদা খাতুন নামের এক বৃদ্ধার লাশ উদ্ধার করেছে পুলিশ। গতকাল বুধবার রাতে উপজেলার বাগোয়ান গ্রামের শারঘর মাঠ থেকে লাশটি উদ্ধার করা হয়। ওই বৃদ্ধার নাম সফেদা খাতুন (৭০)। তিনি ওই গ্রামের মৃত আবদুল জলিলের স্ত্রী।

পুলিশ জানায়, সফেদা খাতুন প্রতিদিন তাঁর ১১টি ছাগলকে ঘাস খাওয়ানোর জন্য মাঠে নিয়ে যেতেন। পুলিশ লাশ উদ্ধারের সময় ৯টি ছাগল দেখতে পায়। ২টি ছাগল পাওয়া যায়নি। এ ছাড়া লাশ উদ্ধারের সময় গলায় ফাঁস দেওয়ার মতো দাগ ছিল। এতে করে প্রাথমিকভাবে সন্দেহ করা হচ্ছে, ছাগল চুরিতে বাধা দেওয়ায় বৃদ্ধাকে শ্বাসরোধে হত্যা করা হয়ে থাকতে পারে।

বৃৃহস্পতিবার দুপুরে ময়নাতদন্ত শেষ করে লাশ পরিবারের কাছে হস্তান্তর করেছে পুলিশ। এ ঘটনায় মামলার প্রস্তুতি চলছে।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবদুল হাশেম এ খবরের সত্যতা নিশ্চিত করেছেন। পুলিশ এই হত্যাকাণ্ডের তদন্ত করছে।

-নিজস্ব প্রতিনিধি

নদী খননে তৃণমূলের কৃষি নতুন উচ্চতায় পৌঁছাবে

চুয়াডাঙ্গার মাথাভাঙ্গা নদীসহ ৫টি নদী খননের উদ্যোগ গ্রহন করেছে সরকার। ৬৪টি জেলার অভ্যন্তরীস্থ নদী খনন প্রকল্পের আওতায় এ নদী খনন করা হবে। প্রকল্প বাস্তবায়নের অংশ হিসাবে গতকাল বৃহস্পতিবার দুপুরে জীবননগরে চিত্রা নদী খনন কাজের উদ্বোধন করা হয়।

জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের শাখারিয়া পিচ মোড় গ্রামে নদীর মাটি কেটে খনন কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করেন, স্থানীয় সংসদ সদস্য হাজী আলী আজগর টগর।

এ সময় উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান , উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলাম , জীবননগর পৌর মেয়র জাহাঙ্গীর আলম ও পানি উন্নয়ণ বোর্ডের নির্বাহী প্রকৌশলী জাহেদুল ইসলাম,জীবননগর থানা আওয়ামীলীগের সভাপতি গোলাম মোর্তুজা,সাবেক উপজেলা পরিষদের চেয়ারম্যান আবু মোঃ আঃ লতিফ অমল,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খাঁন।

এ সময় সংসদ সদস্য হাজী আলী আজগর টগর বলেন, বাংলাদেশ নদীমাতিৃক দেশ। তাই সারা দেশে নদীগুলোকে বাঁচানোর উদ্যোগ গ্রহন করেছে সরকার। বর্তমান সরকার উন্নয়নে বিশ্বাসী। দেশের নদীগুলো সচল হলে দেশের তৃণমূলের কৃষি ঘুরে দাঁড়াবে। তাই প্রধানমন্ত্রীর নির্দেশে ৬৪টি জেলার অভ্যন্তরীস্থ নদী খনন প্রকল্পের আওতায় চুয়াডাঙ্গার ৫টি নদী খনন করা হবে। চিত্রা নদী খনন সেই উন্নয়নের ধারাবাহিকতার অংশ।

জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান বলেন, বর্তমান সরকারের মাননীয় প্রধান মন্ত্রী জনন্ত্রেী শেখ হাসিনার নদী খনন প্রকল্পটি যুগান্তকারী সিদ্ধান্ত। কারণ নদীগুলো বাঁচলে বাঁচবে পরিবেশ, রক্ষা হবে জীব বৈচিত্র। তৃণমূলের কৃষি নতুন উচ্চতায় উন্নতি হবে। আর এ কারণে নদী বাঁচাতে সরকারের এ পরিকল্পনা ।

চুয়াডাঙ্গা পানি উন্নয়ন বোর্ডরে নির্বাহী প্রকৌশলী জাহেদুল ইসলাম জানান, প্রকল্পের ১ম পর্যায়ে চুয়াডাঙ্গার মধ্য নদী বয়ে যাওয়া চিত্রা নদী খনন করা হবে।এর মধ্যে জীবননগর উপজেলাতে ৬ কি: মিটার নদী খনন করা হবে। ২০২০ সালের ২০ জুনের মধ্যে খননের কাজ শেষ করা হবে।

-মোঃ আব্দুল্লাহ আল মাসুম ,জীবননগর

গাংনীতে বিভিন্ন ইট ভাটায় পরিবেশ অধিদপ্তরের অভিযান

গাংনাতে বিভিন্ন ইট ভাটায় পরিবেশ অধিদপ্তরের উদ্যোগে অভিযান পরিচালনা করা হয়েছে।
অবৈধ ভাবে ইট তৈরি করার জন্য মহিষাখোলা গ্◌্রামের ইস্টার ব্রিক্স ও থানাপাড়ার আস্থা ব্রিক্স নামের দুইটি ভাটা বন্ধ করে দিয়েছে। এবং পরবর্তীতে যেন ভাটা চালু করা না হয় সে জন্য সতর্ক করা হয়েছে।
বৃহস্পতিবার দুপুরে পরিবেশ অধিদপ্তরের বিভাগীয় উপ সচিব সাইফুর রহমান খানের নেতৃত্বে এ অভিযান পরিচালনা করা হয়। এসময় উপস্থিত ছিলেন পরিবেশ অধিদপ্তরের কুষ্টিয়া জেলা উপ পরিচালক আতাউর রহমান, গাংনী থানা পুলিশের একটি দল।

– গাংনী প্রতিনিধি

এমপিও ভুক্ত হওয়ায় শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে আনন্দ র্যালী

মেহেরপুর সদর উপজেলার শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয় এমপিও হওয়ায় আনন্দ র্যালী করেছে। বৃহস্পতিবার সকালে বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহাবুব রহমানের নেতৃত্বে এ র্যালী বের করা হয়।

র্যালীটি শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গন থেকে শুরু করে গ্রামের বিভিন্ন সড়ক প্রদক্ষিন করে পুনরায় বিদ্যালয়ে এসে শেষ হয়।

এ সময় বিদ্যালয়ের সহকারী শিক্ষক আব্দুল আলীম, ফারুক হোসেন, মোস্তাক আহম্মেদ, মমজাত পারভীন, আব্দুল জাব্বার, মর্তুজা ফারুক, অফিস সহকারী রিপন আলী, জুলিয়া খাতুন, সফি ও শিক্ষার্থীরা র্যালীতে অংশগ্রহন করে।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে পানিতে ডুবে শিশুর মৃত্যু

মেহেরপুর গাংনী উপজেলার গাংনীতে পানিতে ডুবে সায়েম নামের এক শিশুর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার দুপুরে বানিয়াপুকুর গ্রামে এ ঘটনা ঘটে। সায়েম বানিয়াপুকুর গ্রামের বাবলু’ ছেলে।

নিহতের পরিবার থেকে জানা যায়, বাড়ির সীমানা প্রাচীরের উপর খেলা করছিল সায়েম। এ সময় প্রাচীর ভেঙে পাশের পুকুরে পড়ে যায়। এতে ইটের আঘাতে পানির নিচে থেকে উঠতে সে ব্যার্থ হয়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুরের মেয়ে নির্জনা’র কৃতিত্ব

মেহেরপুরের মেয়ে ফাতেমা ফারজানা নির্জনা ঢাকা বিশ্ব বিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় তিনটি ইউনিটে কৃতিত্বের সাথে ভর্তির যোগ্যতা অর্জন করেছে। “ঘ” ইউনিটে ৯৭ হাজার পরীক্ষার্থীর মধ্যে ৮৭ তম, “খ” ইউনিটে ৪৫ হাজার পরীর্ক্ষার্থীর মধ্যে ৩২৭তম এবং “চ” ইউনিটে ১৫

হাজার পরীক্ষার্থীর মধ্যে ২২৪তম হয়েছেন।

নির্জনা মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি মফিজুর রহমান মফিজ ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক সাহিদা খাতুনের মেয়ে।

ফাতেমা ফারজানা নির্জনা মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় থেকে পিএসসি, জেএসসি ও এসএসসি ও মহিলা কলেজ থেকে এইসএসসি পরীক্ষায় জিপিএ ৫ পেয়েছিল।
এর আগে নির্জনা ২০১৭ সালে দুর্নীতি দমন কমিশন থেকে আয়োজিত বিতর্ক প্রতিযোগীতায় প্রথম স্থান অধিকার করে প্রধান মন্ত্রী শেখ হাসিনার কাছ থেকে পুরুষ্কার লাভ করেন।

– নিজস্ব প্রতিনিধি

মনিপুরে বেলুনে গ্যাস ভরার সময় সিলিন্ডার বিস্ফোরণে নিহত ৫

রাজধানীর রুপনগরের মনিপুর এলাকায় বেলুনে গ্যাস ভরার সময় সিলিন্ডার বিস্ফোরণে ৫ শিশু নিহত হয়েছে। এ ঘটনায় গুরুতর আহত হয়েছেন আরও অন্তত আটজন।

আহতদের উদ্ধার করে সোহরাওয়ার্দী ও ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেয়া হয়েছে।

বুধবার (৩০অক্টোবর) বিকাল ৪টার দিকে মনিপুরের ১১ নং রোডের মাথায় এ বিস্ফোরণের ঘটনা ঘটে।

ডিএমপির ডিসি (মিডিয়া) মাসুদুর রহমান বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানিয়েছেন, সিলিন্ডার বিস্ফোরণে ঘটনাস্থলেই চারজন মারা যান।

বিস্তারিত আসছে….

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দর্শনায় যাত্রাবিরতি করবে ‘বেনাপোল এক্সপ্রেস’

আগামী ১ নভেম্বর থেকে চুয়াডাঙ্গা ও দর্শনাসহ চারটি স্টেশনে যাত্রাবিরতি করবে ঢাকা-বেনাপোল রুটে চলাচলকারী ‘বেনাপোল এক্সপ্রেস’। রাজধানী ঢাকা ও দেশের বৃহত্তম স্থলবন্দর বেনাপোলের মধ্যে বিরতিহীন চলাচলকারী ট্রেনটির যাত্রাপথে চারটি স্টেশনে বিরতির সিদ্ধান্ত নিয়েছে রেলওয়ে কর্তৃপক্ষ।

এর ফলে এ অঞ্চলের ঢাকাগামী যাত্রীরা বাড়তি একটি ট্রেন পেতে যাচ্ছে। যাত্রাপথে বিরতি পাওয়া অন্য দুটি স্টেশন হলো, ঝিনাইদহের কোর্টচাঁদপুর ও যশোরের ঝিকরগাছা।

চুয়াডাঙ্গা রেলওয়ে স্টেশনের স্টেশন মাস্টার মিজানুর রহমান জানান, বেনাপোল এক্সপ্রেস ট্রেনে চুয়াডাঙ্গা থেকে ঢাকাগামী যাত্রীদের জন্য মোট ১১০টি আসন রাখা হয়েছে। যার মধ্যে শোভন চেয়ার ৯২টি, এসি কেবিনে চেয়ার আটটি ও এসি চেয়ার ১০টি। ফিরতি পথে (ঢাকা থেকে) এসি বার্থ চারটি, এসি চেয়ার ১০টি ও শোভন চেয়ার ৭০টিসহ মোট ৮৪টি। এ ছাড়া দর্শনা থেকে ঢাকাগামী ও ফিরতি পথের যাত্রীদের জন্য শোভন ৭০টি ও এসি চেয়ার পাঁচটি রাখা হয়েছে।

মিজানুর রহমান আরো বলেন, বর্তমানে ট্রেনটি ঢাকায় যাওয়ার পথে বিকেল তিনটা ২৬ মিনিটে ও ফিরতি পথে সকাল ৬টা ২৫ মিনিটে চুয়াডাঙ্গা স্টেশন ত্যাগ করে। প্রাথমিকভাবে ওই সময়টিকে যাত্রাবিরতির জন্য ধরা হয়েছে। চুয়াডাঙ্গা থেকে ঢাকা পর্যন্ত চিত্রা ও সুন্দরবন এক্সপ্রেস ট্রেনে যে ভাড়া নেওয়া হয়, বেনাপোল এক্সপ্রেসের ভাড়াও তা-ই থাকছে। এতে শোভন চেয়ারে ৩৯০ টাকা, এসি চেয়ারে ৭৫০ টাকা ও এসি কেবিন চেয়ারে ৮৯২ টাকা।
-চুয়াডাঙ্গা প্রতিনিধি

গাংনীর জোড়পুকুরিয়া বাজারে ৩টি দোকানে দুর্ধর্ষ চুরি

মেহেরপুর গাংনী উপজেলার জোড়পুকুরিয়া বাজারে দোকানের সার্টারভেঙ্গে ৩টি মুদিখানা, একটি সারের দোকান ও ফিড মিল থেকে থেকে নগদ টাকাসহ ৪ লক্ষাধিক টাকার মালামাল চুরি হয়েছে।

মঙ্গলবার রাতের কোন এক সময় মেহেপুরের গাংনী উপজেলার জোড়পুকুরিয়া বাজারে এ চুরির ঘটনা ঘটে। বাজারে নৈশ প্রহরা থাকা অবস্থায় দুর্ধর্ষ চুরি নিয়ে জনমনে নানা প্রশ্ন দেখা দিয়েছে।

ভুক্তভোগী ও স্থানীয় সূত্রে জানা গেছে, জোড়পুকুরিয়া বাজারের চা ও মুদি দোকান ফারুক ষ্টোর ও জাইমা ষ্টোর, সার ডিলার আব্দুল সালাম ট্রেডার্স শার্টার ভেঙ্গে চোরেরা ভেতরে প্রবেশ করে। নগদ টাকা, কসমেটিক্স, সিগারেট ও দামী মালামাল লুটে নিয়ে পালিয়ে যায়। চারটি দোকান থেকে নগদ টাকাসহ আনুমানিক চার লক্ষাধিক টাকার মালামাল লুটে নেওয়া হয়েছে বলে প্রাথমিকভাবে জানাচ্ছেন ভুক্তভোগীরা।

এদিকে বাজারে দুই জন নৈশপ্রহীরা রাতে পাহারা করেন। তারা ঘটনার সময় কোথায় ছিলেন তা কেউ বুঝতে পারছেন না। ভোরে ডিউটি শেষ করে তারা বাড়ি ফিরে যায়। আজ ভোরের দিকে চায়ের দোকানী কয়েকজন বাজারে চুরির বিষয়টি টের পান।

সাহারবাটি ইউনিয়ন ১নং ওয়ার্ডের মেম্বার সাহাবুদ্দিন সাবুদ জানান, প্রতিরাতের ন্যায় নাইটগার্ড তার ডিউটি পালন করে আসছে, এছাড়াও গাংনী থানার পুলিশ প্রতিরাতে বাজারের টহল রাস্তায় টহল দিয়ে আসছে। বিষয় নিয়ে বাজার কমিটি কে নিয়ে একটি শালিশী বৈঠকের ব্যবস্থা করা হয়েছে।

মুদি দোকানী হাসমত আলী জানান, প্রতি রাতেই দোকানে টাকা রাখা হয়। দোকান বন্ধ করে গ্রামের বাড়ি যাই রাতে। তাই টাকা বহন করা ঝুঁকি জেনেই দোকানে টাকা রাখি। ৯০-৯৫ হাজার নগদ টাকা, ৮-১০ হাজার টাকা মূল্যের সিগারেট ও অন্যান্য মালামাল চুরি করে নিয়ে গেছে।

চাউল ব্যবসায়ী আব্দুস সালাম জানান, প্রতিদিনের ন্যয় রাত আটটার

দিকে দোকান বন্ধ করে বাসায় চলে যায়, টাকা বহনের ঝুকি জেনে রাতের নগদ ৩০ হাজার টাকা দোকানে রেখে যাই। নগদ ৫০ হাজার টাকাসহ ১০ বস্তা চাউল ও অন্যান্য জিনিসপত্র চুরি হয়েছে।

চা ও ভ্যারাইটি বিক্রেতা ফারুক আহমেদ জানান, আমার দোকানে ২০ হাজার টাকাসহ ও সিগারেট ও প্রসাধনী সামগ্রী চুরি হয়েছে।

গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবাইদুর রহমান বলেন, ঘটনা শুনে সেখানে পুলিশের একটি টিম পাঠানো হয়েছে। ঘটনার বিস্তারিত জেনে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।
-গাংনী অফিস